

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)  
১ সোনারগাঁও রোড (পলাশী-নীলক্ষেত) ঢাকা-১২০৫।  
Web: banbeis.gov.bd

নং-৩৭.২০.০০০০.০০৩.০৩১.০৩৬.২০১৬/৫৪৭৬

তারিখঃ ২৩ ভাদ্র ১৪২৩  
০৭ সেপ্টেম্বর ২০১৬

বিষয় : বার্ষিক শিক্ষা জরিপ ২০১৬ এর আওতায় **On line Software** ব্যবহার করে তথ্য প্রেরণ।

সুপ্রিয় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,

আমার সালাম ও শুভেচ্ছা নিবেন। আপনি নিশ্চয় অবগত আছেন যে, শিক্ষা ক্ষেত্রে সঠিক পরিকল্পনা প্রণয়নের জন্য নির্ভরযোগ্য ও হালনাগাদ (Update) তথ্যের গুরুত্ব অপরিসীম। শিক্ষাক্ষেত্রে সঠিক পরিকল্পনা ও ব্যবস্থাপনার জন্য চাহিদা অনুযায়ী নির্ভুল তথ্য সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে ব্যানবেইস প্রতিবছর একটি নির্দিষ্ট সময়ে দেশের সকল ধরনের শিক্ষা প্রতিষ্ঠান থেকে তথ্য সংগ্রহ করে থাকে। অন্যান্য বছরের ন্যায় এবছর বার্ষিক শিক্ষা জরিপ ২০১৬ এর আওতায় দেশের সকল পোস্ট-প্রাইমারি শিক্ষা প্রতিষ্ঠান থেকে আগামী ২০ সেপ্টেম্বর ২০১৬ তারিখ থেকে ২০ অক্টোবর ২০১৬ তারিখ পর্যন্ত তথ্য On line এ সংগ্রহ করা হবে।

২। এবিষয়ে একটি নির্দেশিকা প্রেরণ করা হলো (সংযুক্ত)। যেসব উপজেলায় ব্যানবেইস এর UITRCE আছে সেসব উপজেলাসহ পার্শ্ববর্তী উপজেলার যেসব প্রতিষ্ঠানের On line এর সুবিধা নেই সেইসব প্রতিষ্ঠান সমূহ UITRCE এ online সুবিধা গ্রহণ করতে পারবেন।

৩। বর্ণিতাবস্থায় উপজেলা সুপারভাইজার হিসেবে আপনার উপজেলায় অন্তর্গত সকল ধরনের প্রাথমিকস্তরের শিক্ষা প্রতিষ্ঠানের নির্ভুল তথ্য On line Software ব্যবহার করে আগামী ২০ অক্টোবর ২০১৬ তারিখের মধ্যে ব্যানবেইসে প্রেরণ নিশ্চিত করতে আপনার আন্তরিক সহযোগিতা কামনা করছি। শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান বরাবর লিখিত পত্রটি প্রেরণ নিশ্চিত করার জন্যও অনুরোধ করছি।

বিষয়টি অতীব জরুরী


সংযুক্তিঃ ক) On line ফরম পূরনের নির্দেশিকা

খ) জরিপ ক্যালেন্ডার-২০১৬

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

.....

শুভেচ্ছান্তে,

  
০৭.০৯.২০১৬  
(মোঃ ফারুক উল্লাহ)  
পরিচালক

ফোনঃ ৯৬৬৫৪৫৭

E-mail: [info@banbeis.gov.bd](mailto:info@banbeis.gov.bd)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা ..... অঞ্চল।
- ৬। জেলা শিক্ষা অফিসার(সংশ্লিষ্ট)।
- ৭। অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)